

Sattara Centre (15th Floor), 30/A, Nayapaltan, VIP Road, Dhaka-1000, Bangladesh.
Phone : 9332728, 8332712, Fax : 88-02-58315595, E-mail : atab@citech.net, Website : www.atab.org.bd

আটাভ/নোটিশ/২০২৪/২৯৫

তারিখঃ- ১৩/০৬/২০২৪ইং

সকল সম্মানিত সদস্য,

বিষয়ঃ- এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত টিকেট মূল্যের চেয়ে কম মূল্যে টিকেট বিক্রয়, প্রদর্শন, বিজ্ঞাপন, ও বিপণন প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ

আপসালামু আলাইকুম ওয়ারহামাতুল্লাহ

আটাভের সকল সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে বেশ কিছুদিন যাবত কিছু OTA (Online Travel Agency) এয়ারলাইন্সসমূহ কর্তৃক নির্ধারিত টিকেট মূল্যের চেয়ে কম মূল্যে টিকেট বিক্রয় করছে ও তার পাশাপাশি বিভিন্ন অনলাইন ডিজিটাল সামাজিক মাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে ক্রমাগত কম মূল্যে এয়ার টিকেট বিক্রয় সম্বলিত বিজ্ঞাপন প্রচার করে চলেছে। অনৈতিক এই ধরনের তথ্যের তথ্যের তথ্যে ট্রাভেল এজেন্সী মার্কেটে বিরাট অসামঞ্জস্যতা দেখা দিয়েছে ও বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এধরনের কার্যক্রমের মূল উদ্দেশ্য ট্রাভেল এজেন্সী বাজারকে মনোপলি করা। ইতিমধ্যে অন্যান্য ট্রাভেল এজেন্সী যারা এয়ারলাইন্স কর্তৃক প্রদানকৃত GDS ভাড়া অনুসরণ করে ব্যবসা পরিচালনা করে আসছেন তারা নিজেদেরকে ব্যবসায় টিকিয়ে রাখার লক্ষ্যে OTA এর এই চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে বিরাট ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

এমতাবস্থায় টিকেট মার্কেটে সমতা, শৃঙ্খলা ও স্থিতিশীলতা বজায়ের লক্ষ্যে এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত টিকেট মূল্যের চেয়ে কম মূল্যে টিকেট বিক্রয়, কম মূল্যে টিকেট বিক্রয়ের বিজ্ঞাপন প্রচার, ওয়েবসাইট ও পোর্টালে এয়ারলাইন্সের নির্ধারিত মূল্যের চেয়ে কম মূল্য প্রদর্শন, অতিরিক্ত মূল্যছাড় টিকেট বিক্রয় ও বিপণন না করার জন্য সকল ট্রাভেল এজেন্সীকে অনুরোধ করা যাচ্ছে।

আটাভ প্রযুক্তিকে সমর্থন করে, তবে প্রযুক্তির অপব্যবহারের মাধ্যমে কোন এজেন্সী যদি মার্কেট প্রভাবিত করতে চায় বা অবৈধভাবে প্রযুক্তির দোহাই দিয়ে লাভবান হতে চায় সেক্ষেত্রে আটাভ আচরণবিধির পরিপন্থী যে কোন কার্যক্রম পরিচালনা করলে উক্ত এজেন্সীর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করবে ও প্রয়োজনে উক্ত এজেন্সীর বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণ করবে।

আটাভ সর্বদা সদস্যদের কল্যাণে প্রতিজ্ঞাবদ্ধ।

ধন্যবাদান্তে,

Apin Karat

আফসিয়া জাহ্নাত সালেহ

মহাসচিব